রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৬.২১-১৪৩

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০১ জুন ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব জহিরুল ইসলাম (পরিচিতি নং ৬০২১৫০), নির্বাহী প্রকৌশলী (সওজ), সড়ক বিভাগ, খাগড়াছড়ি (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ সড়ক বিভাগ) এর বিরুদ্ধে (i) দরপত্রের চেয়ারপারসন এর অনুমতি ব্যতীত চেয়ারপারসন এর আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে টেন্ডার ওপেনিং, মূল্যায়ন ও ইজিপি-তে তুলনামূলক বিবরণী প্রস্তুত করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পাঠানো এবং (ii) "দৈনিক যুগান্তর" পত্রিকায় গত ০৬-০৪-২০২০ তারিখে প্রকাশিত প্রতিবেদনে সুনামগঞ্জ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী হিসেবে তার বিরুদ্ধে তদন্তক্রমে 'অসদাচরণ' এর অভিযোগ পাওয়া যায়। অভিযোগটি প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরনী জারি করতঃ বিভাগীয় মামলা নং ০৯/২০২১ রুজু করা হয়। তিনি যথাসময়ে লিখিত জবাব দাখিল করেন এবং গত ১৫-১১-২০২১ তারিখে ব্যক্তিগত শুনানী প্রদান করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানী শেষে অভিযোগনামা ও অভিযোগ বিবরনী এবং সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষান্তে বিভাগীয় মামলার তদন্তের প্রয়োজন হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব ফাহমিদা হক খান, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কেন তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে উল্লিখিত যে কোন গুরুদন্ড আরোপ করা হবে না সে সম্পর্কে একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের জন্য তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে তিনি জবাব পেশ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরনী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দী, প্রদত্ত তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানোর জবাবে উল্লেখ করেছেন তার দ্বারা সরকারের অর্থ অপচয় হয়নি বা কোন অর্থ তসরুপ করা হয়নি বা তার কর্তৃক কোন সরকারি অর্থ আত্মসাৎ করা হয়নি এবং টেন্ডার কার্যক্রমে কোন অসৎ উদ্দেশ্য ছিল না;

যেহেতু, তার এহেন কার্যক্রমে সরকারের আর্থিক ক্ষতি না হলেও সরকারি নিয়মের ব্যত্যয় ঘটেছে মর্মে তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়। তিনি সরকারি নিয়ম-নীতি প্রতিপালনে আন্তরিক হলে এমনটি হতো না। এক্ষেত্রে কর্তব্য পালনে তার অবহেলার পরিচয় পাওয়া যায় যা 'অসদাচরণ' এর সামিল;

সেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরনী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দী, প্রদত্ত তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় জনাব জহিরুল ইসলাম (পরিচিতি নং ৬০২১৫০) নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, খাগড়াছড়ি (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ সড়ক বিভাগ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২)(খ) বিধিতে বর্ণিত দন্ড প্রদানপূর্বক ০১(এক) বছরের জন্য তার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

07/6/2022

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং.......................
তারিখ 08/06/22
স্বাক্ষর

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৬.২১-১৪৩

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর,আগারগাঁও, ঢাকা
০৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৭. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)।
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল)
১২. জনাব জহিরুল ইসলাম (পরিচিতি নং ৬০২১৫০), নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, খাগড়াছড়ি, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ সড়ক বিভাগ
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ঢাকা
১৬. অফিস কপি

01/06/2022
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪